

# সার্টিফিকেটে তথ্য সংশোধনে ইচ্ছুকদের সতর্ক করল ঢাকা শিক্ষা বোর্ড

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ২০ জুন, ২০২৬ ১৮:০৮



সংগৃহীত ছবি

সার্টিফিকেটে নাম, জন্মতারিখ বা অভিভাবকের তথ্য সংশোধনের আবেদন দ্রুত নিষ্পত্তি চললেও এ সুযোগে সক্রিয় হয়ে উঠেছে দালালচক্র। দ্রুত কাজ করে দেওয়ার

প্রলোভন দেখিয়ে আবেদনকারীদের কাছ থেকে অর্থ আদায়ের অভিযোগ উঠেছে।

এ অবস্থায় কোনো মধ্যস্থতাকারীর সঙ্গে যোগাযোগ না করে সরাসরি বোর্ডের সঙ্গে যোগাযোগের আহ্বান জানিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।

শনিবার (২০ জুন) ঢাকা শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দারের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd  
১৩-১৪ জয়নাথ রোড, বকশীবাড়ার, ঢাকা- ১২১১

স্মারক নং: ৭১-৬

তারিখ: ২০/০৬/২০২৬ খ্রি.


### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, বোর্ডে নিজ নাম, পিতা-মাতার নাম, জন্মতারিখ/বয়স সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। গত ১৫ দিনে প্রায় ৮,০০০ টি আবেদন নিষ্পত্তি করা হয়েছে এবং অবশিষ্ট আবেদনসমূহও অগ্রাধিকার ভিত্তিতে পর্যায়ক্রমে নিষ্পত্তি করা হচ্ছে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, কিছু অসাধু ব্যক্তি ও দালালচক্র আবেদন দ্রুত নিষ্পত্তির প্রলোভন দেখিয়ে আবেদনকারীদের কাছ থেকে অর্থ আদায় করছে। এ ধরনের প্রতারণার কারণে অনেক আবেদনকারী আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

এ বিষয়ে সকল আবেদনকারীকে সতর্ক করা যাচ্ছে যে, কোনো দালাল বা মধ্যস্থতাকারীর সঙ্গে যোগাযোগ করবেন না এবং কাউকে কোনো ধরনের অর্থ প্রদান করবেন না। আবেদন সংক্রান্ত কোনো সমস্যা, তথ্য বা সহযোগিতার প্রয়োজন হলে সরাসরি ঢাকা শিক্ষা বোর্ডের সচিব মহোদয়ের কার্যালয়ে (৩ নং ভবনের লিফট ৬) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বোর্ড কর্তৃপক্ষের পক্ষ থেকে পুনরায় অনুরোধ করা যাচ্ছে যে, দালালমুক্ত সেবা গ্রহণ করুন, প্রতারণা থেকে নিজে নিরাপদ থাকুন এবং অন্যদেরকেও সচেতন করুন।

  
২০/০৬/২০২৬

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার  
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২-২২৩৩৬৯৮১৩

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে নিজের নাম, মা-বাবার নাম এবং জন্মতারিখ বা বয়স সংশোধন সংক্রান্ত আবেদনের দ্রুত নিষ্পত্তি কার্যক্রম চলমান রয়েছে। গত ১৫ দিনে প্রায় ৮ হাজার আবেদন নিষ্পত্তি করা হয়েছে।

অবশিষ্ট আবেদনগুলোও অগ্রাধিকার ভিত্তিতে  
পর্যায়ক্রমে নিষ্পত্তি করা হচ্ছে।

তবে বিজ্ঞপ্তিতে জানানো হয়, সম্প্রতি কিছু অসাধু ব্যক্তি  
ও দালালচক্র দ্রুত আবেদন নিষ্পত্তির প্রলোভন দেখিয়ে  
আবেদনকারীদের কাছ থেকে অর্থ আদায় করছে। এতে  
অনেক আবেদনকারী আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

এ অবস্থায় সব আবেদনকারীকে সতর্ক করে বলা হয়েছে,  
কোনো দালাল বা মধ্যস্থতাকারীর সঙ্গে যোগাযোগ না  
করতে এবং কাউকে কোনো ধরনের অর্থ না দিতে।

আবেদন সংক্রান্ত সমস্যা, তথ্য বা সহযোগিতার জন্য  
সরাসরি ঢাকা শিক্ষা বোর্ডের সচিবের কার্যালয়ে (৩ নম্বর

ভবনের লিফট-৬) যোগাযোগের অনুরোধ জানানো হয়েছে।

সেইসঙ্গে, দালালমুক্ত সেবা গ্রহণ এবং প্রতারণা থেকে সতর্ক থাকতে সবাইকে সচেতন থাকার আহ্বান জানিয়েছে শিক্ষা বোর্ড।